রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**সোমবার, অক্টোবর ৩১, ২০২২**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৫ কার্তিক, ১৪২৯ মোতাবেক ৩১ অক্টোবর, ২০২২

নিম্নলিখিত বিলটি ১৫ কার্তিক, ১৪২৯ মোতাবেক ৩১ অক্টোবর, ২০২২ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ২৪/২০২২

### উন্নয়ন বোর্ড সংশ্লিষ্ট আইনসমূহ রহিতকল্পে আনীত বিল

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলে ৩ক, ১৮ ও ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হয় এবং সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং ১০৪৪-১০৪৫/২০০৯ ও সিভিল আপিল নং-৪৮/২০১১-তে সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে সামগ্রিকভাবে অননুমোদনপূর্বক (total disapproval of Martial law) উহাদের বৈধতা প্রদানকারী যথাক্রমে, সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১নং আইন) এবং সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৬ ও ৭ নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং


**মূল্য :** টাকা ৮.০০

যেহেতু সরকারের উল্লিখিত সিদ্ধান্তের আলোকে Khulna Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXV of 1976), Rajshahi Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXX of 1976), Dhaka Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXXI of 1976), Chittagong Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXXIX of 1976), Chittagong District Development Board Ordinance, 1982 (Ordinance No. XLVI of 1982), Comilla, Noakhali and Sylhet Districts Development Board Ordinance, 1982 (Ordinance No. XLVII of 1982) এবং Development Board Laws (Repeal) Ordinance, 1986 (Ordinance No. XLVI of 1986) রহিতকল্পে আইন প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন প্রণয়ন করা হইল :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।—(১) এই আইন উন্নয়ন বোর্ড আইনসমূহ (রহিতকরণ) আইন, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **রহিতকরণ ও হেফাজত**।—Khulna Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXV of 1976), Rajshahi Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXX of 1976), Dhaka Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXXI of 1976), Chittagong Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXXIX of 1976), Chittagong District Development Board Ordinance, 1982 (Ordinance No. XLVI of 1982), Comilla, Noakhali and Sylhet Districts Development Board Ordinance, 1982 (Ordinance No. XLVII of 1982) এবং Development Board Laws (Repeal) Ordinance, 1986 (Ordinance No. XLVI of 1986), অতঃপর উক্ত অধ্যাদেশসমূহ বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্ত অধ্যাদেশসমূহ রহিত হইবার পরিপ্রেক্ষিতে,—

(ক) Khulna Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXV of 1976), Rajshahi Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXX of 1976), Dhaka Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXXI of 1976), Chittagong Division Development Board Ordinance, 1976 (Ordinance No. LXXXIX of 1976), Chittagong District Development Board Ordinance, 1982 (Ordinance No. XLVI of 1982) এবং Comilla, Noakhali and Sylhet Districts Development Board Ordinance, 1982 (Ordinance No. XLVII of 1982) এর অধীন প্রতিষ্ঠিত উন্নয়ন বোর্ডসমূহ, অতঃপর উক্ত বোর্ডসমূহ বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে;

(খ) উক্ত বোর্ডসমূহের সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধাদি, যাবতীয় স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ, সকল প্রকল্প ও কর্মসূচি এবং উক্ত সম্পত্তি, প্রকল্প ও কর্মসূচি হইতে উদ্ভূত যাবতীয় স্বার্থ ও অধিকার সরকারের নিকট হস্তান্তরিত ও ন্যস্ত হইবে;

(গ) উক্ত বোর্ডসমূহ রহিকরণের অব্যবহিত পূর্বে বিদ্যমান যে-কোনো প্রকারের ঋণ, দায় ও দায়িত্ব সরকারের ঋণ, দায় ও দায়িত্ব বলিয়া গণ্য হইবে;

(ঘ) উক্ত বোর্ডসমূহের অধীন যে-কোনো সম্পত্তি, প্রকল্প ও কর্মসূচি-সংশ্লিষ্ট বিষয়ে বোর্ডসমূহ কর্তৃক বা উহাদের বিরুদ্ধে দায়েরকৃত কোনো মামলা বা গৃহীত আইনগত কার্যধারা সরকার কর্তৃক বা উহার বিরুদ্ধে দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা বলিয়া গণ্য হইবে এবং যথানিয়মে পরিচালিত হইবে;

(ঙ) কোনো চুক্তি বা অঙ্গীকারনামা বা চাকরির শর্তাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, উক্ত বোর্ডসমূহের অধীন চাকরিরত সকল কর্মকর্তা-কর্মচারীর চাকরি, সরকারের নির্দেশ অনুযায়ী ও নির্ধারিত শর্তাধীনে সরকারের বা অপর কোনো স্থানীয় সরকারের যে-কোনো পদে আত্মীকৃত হইবে; এবং

(চ) দফা (ঙ)-এর আওতায় যে সকল কর্মকর্তা-কর্মচারীর চাকরি আত্মীকৃত হইয়াছে, যদি চাকরির উক্তরূপ শর্তাবলি কোনো কর্মকর্তা ও কর্মচারীর নিকট গ্রহণযোগ্য না হয়, তাহা হইলে সরকার কর্তৃক নির্ধারিত সুবিধাদিসহ লিখিত নোটিশ প্রদান-সাপেক্ষে তাহাকে চাকরি হইতে অব্যাহতি প্রদান করা যাইবে।

## উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৭৫ সালের ১৫ আগস্ট হইতে ১৯৭৯ সালের ৯ এপ্রিল এবং ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক আদেশ দ্বারা জারীকৃত অধ্যাদেশসমূহ অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের চতুর্থ তফসিলের অনুচ্ছেদ ৩ক, ১৮ ও ১৯ বিলুপ্ত হওয়ায় এবং বাংলাদেশ সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে সামগ্রিকভাবে অননুমোদনপূর্বক উহাদের বৈধতা প্রদানকারী যথাক্রমে, সংবিধান (পঞ্চম সংশোধন) আইন, ১৯৭৯ (১৯৭৯ সনের ১নং আইন) এবং সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পাইয়াছে। পরবর্তীতে উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখিবার স্বার্থে '১৯৮২ সনের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সনের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে জারীকৃত কতিপয় অধ্যাদেশ কার্যকরকরণ (বিশেষ বিধান) আইন, ২০১৩' (২০১৩ সনের ৭ নং আইন) প্রণয়ন করা হয়।

(খ) সামরিক শাসনামলে জারীকৃত অধ্যাদেশসমূহ নূতন আইন আকারে বাংলা ভাষায় প্রণয়নের বিষয়ে মন্ত্রিসভা-বৈঠকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ইহা ছাড়া বর্তমান প্রেক্ষাপটে কোনো অধ্যাদেশ আইন আকারে প্রণয়নের আবশ্যকতা না থাকিলে সেই বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়।

(গ) 'Development Board Laws (Repeal) Ordinance, 1986' সামরিক শাসনামলে প্রণীত। অধ্যাদেশটির মাধ্যমে Khulna Division Development Board Ordinance, 1976, Rajshahi Division Development Board Ordinance, 1976, Dhaka Division Development Board Ordinance, 1976, Chittagong District Development Board Ordinance, 1982 এবং Comilla, Noakhali and Sylhet Districts Development Board Ordinance, 1982 রহিত করা হয়। অপরদিকে সামরিক শাসনামলে প্রণীত Chittagong Division Development Board Ordinance, 1976-এর মাধ্যমে চট্টগ্রাম বিভাগ উন্নয়ন বোর্ড গঠন করা হয়।

(ঘ) চট্টগ্রাম বিভাগ উন্নয়ন বোর্ড ব্যতীত অন্যান্য বিভাগ উন্নয়ন বোর্ড ও জেলা উন্নয়ন বোর্ডসমূহ 'Development Board Laws (Repeal) Ordinance, 1986'-এর মাধ্যমে বিলুপ্ত করিয়া উন্নয়ন বোর্ডসমূহের সম্পদ ও দায় সরকারের অনুকূলে ন্যস্ত করা হয় এবং বোর্ডসমূহের অধীনে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের চাকরি সরকারের নিকট হস্তান্তরিত হয়। অপরদিকে বর্তমানে চট্টগ্রাম বিভাগ উন্নয়ন বোর্ডের কোনো কার্যক্রম নেই বিধায় Chittagong Division Development Board Ordinance, 1976 রহিতকরণ আবশ্যক।

(ঙ) উল্লিখিত উন্নয়ন বোর্ড-সংক্রান্ত অধ্যাদেশসমূহ সামরিক শাসনামলে প্রণীত বিধায় অধ্যাদেশসমূহ রহিত করিয়া সমন্বিত আকারে 'উন্নয়ন বোর্ড আইনসমূহ (রহিতকরণ) আইন, ২০২২' শীর্ষক বিলটি মহান জাতীয় সংসদের বিবেচনার জন্য উত্থাপন করিতেছি।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী

---

**কে,এম, আব্দুস সালাম**
সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.